# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 25-01-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ ৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্ সন্ধ্যায় জাতির প্রতি ভাষণে, দেশ গঠনে সমাজের সর্বস্তরের মানুষের ভূমিকার কথা উল্লেখ করেছেন।

মহিলারা সমাজজীবনের বিভিন্ন ক্ষেত্রে সাফল্য দেখিয়ে উন্নয়নের সংজ্ঞা-ই পাল্টে দিয়েছে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন।

২) দারিদ্র্য সীমার ওপরে তুলে নিয়ে আসা মানুষরা আবার যাতে দারিদ্রের ফাঁদে না পড়েন, তা সুনিশ্চিত করা হচ্ছে বলে রাষ্ট্রপতি জানান।

৩) আগামীকাল সাধারণতন্ত্র দিবসে দিল্লির কর্তব্য পথে রাষ্ট্রপতি সশস্ত্র বাহিনীর কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন।

এরাজ্যে সাধারণতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেডরোডে।

৪) প্রধানমন্ত্রী আজ তার মন-কি-বাতে ভোটাধিকারের ওপর গুরুত্ব দিয়ে বলেছেন, গণতন্ত্রকে সজীব রাখতে ভোট কর্মীরা প্রশংসনীয় কাজ করছেন।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় ভোটার দিবস পালিত হচ্ছে।

৬) এবছরের পদ্মপুরষ্কার ঘোষিত হয়েছে। এরাজ্যের ১১ জন পদ্মশ্রী পাচ্ছেন।

ooooooooooooooooooooooo

সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ স্বাধীনতা সংগ্রাম এবং বীর বিপ্লবীদের অবদানের কথা স্মরণ করে স্বাধীনতা প্রাপ্তির কথা উল্লেখ করে বলেছেন, আমাদের সাধারণতন্ত্র

সংবিধানের আদর্শের প্রতি অঙ্গীকারবদ্ধ। বিশ্বের বৃহত্তম এই সাধারণতন্ত্রের সংবিধান, ন্যায়, স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্বের আদর্শের ওপর ভিত্তি করেই গড়ে উঠেছে এবং ১৯৫০ সালের ২৬-শে জানুয়ারী এই সংবিধান বলবৎ হয়।

নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মজয়ন্তী উল্লেখ করে রাষ্ট্রপতি বলেছেন, ২০২১ সাল থেকে নেতাজী জয়ন্তী দিনটি পরাক্রম দিবস হিসেবে পালন করছে। দেশের সীমান্ত রক্ষায় সশস্ত্র বাহিনীর নিরলস নজরদারি এবং অভ্যন্তরীণ সুরক্ষার জন্য সি আর পি এফ ও পুলিশ কর্মীদের অবদানের কথাও তিনি স্মরণ করেন।

শিক্ষক এবং বিজ্ঞানীরা দেশের উন্নয়নকে যে নতুন পথে নিয়ে যাচ্ছে, তার উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, আমাদের প্রতিভাবান শিল্পী, কারিগর এবং কুটীর শিল্পী বা দেশের সমৃদ্ধ ঐতিহ্যকে আধুনিকরূপ দিচ্ছে। দেশ ও জাতি গঠনে সরকারী, বেসরকারী ক্ষেত্রের কর্মী, সাধারণ জনতা এবং সমাজের সর্বস্তরের মানুষের ভূমিকার কথাও তিনি উল্লেখ করেন।

বাবা সাহেব ডক্টর ভীম রাও আম্বেদকরের আদর্শ অনুসরণ করে আমাদের ভোটাররা রাজনৈতিক সচেতনতার পরিচয় দিয়ে আসছেন।

দেশের উন্নয়নে মহিলাদের ক্ষমতায়ন ও অধিক অংশগ্রহণ, শিক্ষা, স্বাস্থ্য, সুরক্ষা এবং অর্থনৈতিক – সব ক্ষেত্রেই লক্ষ্য করা গেছে। বেটি-বাঁচাও, বেটি পঢ়াও অভিযান, বালিকাদের শিক্ষাকে উৎসাহিত করেছে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী জনধন যোজনার আওতায় ৫৭ কোটিও বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হয়েছে। তার মধ্যে প্রায় ৫৬ শতাংশ অ্যাকাউন্টই মহিলাদের। মহিলারা পুরনো ধ্যানধারণা পিছনে ফেলে দেশের সামগ্রী উন্নয়নে এগিয়ে যাচ্ছে।

( বাইট – মেয়েদের সাফল্য)

ধরতি আবা ভগবান বীরসামুন্ডার জন্ম বার্ষিকী জনজাতীয় গৌরব দিবস রূপে পালনের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, আদি কর্মযোগী অভিযানের মাধ্যমে জনজাতি সম্প্রদায়ের মানুষের নেতৃত্বের ক্ষমতাকে সাহায্য করা হয়েছে।

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান এবং পি এম জনমন যোজনা আদিবাসীদের সমস্ত সম্প্রদায়ের ক্ষমতায়ন ঘটিয়েছে বলে শ্রীমতী মুর্মূ উল্লেখ করেন।

লক্ষ লক্ষ মানুষকে দারিদ্রসীমার ওপরে তুলে আনার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, তারা যাতে আবার দারিদ্র্যের ফাঁদে না পড়ে তা সুনিশ্চিত করা হচ্ছে।

(বাইট – দারিদ্রসীমা)

দেশের এক বড় সংখ্যার যুবারা স্বনিযুক্তির মধ্য দিয়ে সাফাল্যের মুখ দেখেছে। মেরা যুবা ভারত - কিংবা মাই ভারত অভিযানে বহু সংখ্যক অল্প বয়সী নাগরিক দক্ষতা বিকাশ ও নেতৃত্বধানের সুযোগ পেয়েছে।

জিএসটি চালু হওয়ার ফলে এক দেশ - এক বাজার ব্যবস্থা গঠন করা হয়েছে এবং চার শ্রমবিধি শ্রম সংস্কারে উল্লেখযোগ্য কাজ করছে বলে শ্রীমতী মুর্মূ জানান।

ভারতীয় চিরাচরিত জ্ঞান ও বিজ্ঞানের সংরক্ষণ ও প্রসারের জন্য জ্ঞান ভারতম মিশনেরও তিনি উল্লেখ করেন। ভারতীয় ভাষা ও চিরাচরিত জ্ঞানের ওপর জোর দেওয়া হচ্ছে বলেও তিনি জানান।

অষ্টম তপশিলের আওতাভুক্ত সব ভাষায় লেখা সংবিধান এখন পাওয়া যাচ্ছে। এতে জন সাধারণ সংবিধান সম্পর্কে আরও ভালোভাবে জানতে পারছে বলে শ্রীমতী মুর্মূ মন্তব্য করেন।

অপারেশন সিন্দুরের ঐতিহাসিক সাফল্য এবং প্রতিরক্ষা বাহিনীর ক্ষমতার উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, সেনাবাহিনীর নিরলস নজরদারিতে আমাদের সীমান্ত সুরক্ষিত আছে।

রবীন্দ্রনাথ ঠাকুরের বাণী উল্লেখ করে শ্রীমতী মুর্মূ "আমার দেশের মাটি – তোমার পরে ঠেকাই মাথা" – উচ্চারণ করেন।

(বাইট – রবীন্দ্রনাথ ঠাকুর)

oooooooooooooooooooooo

৭৭ তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে আগামীকাল সকালে নতুন দিল্লির কর্তব্যপথে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, তিন বাহিনীর কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করবেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন এবং ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কস্তা। সশস্ত্র বাহিনী এবং বিভিন্ন রাজ্য ট্যাবলোর মাধ্যমে তাদের বৈভব ও

সাংস্কৃতিক ঐতিহ্য প্রদর্শন করবে। ভারতীয় বিমান বাহিনির বিভিন্ন যুদ্ধবিমানও উপস্থিত থাকবে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে।

এই অনুষ্ঠানের ধারাবিবরণী সম্প্রচারের জন্য আগামীকাল আকাশবাণী কলকাতার এফ রেইবোর সকাল ১০টা এবং বেলা ১১টার সংবাদ হেডলাইন বাতিল থাকবে। পাশাপাশি সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদও বাতিল থাকছে। ধারা বিবরনী বেলা ১২টার পরেও যদি চলে তবে ১২টার হেডলাইনও বাতিল হবে।

এদিকে, সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণ সম্প্রচারের কারণে রাত ৮টা দশের খেলার খবর বাতিল করা হয়েছে। ভাষণের বাংলা তর্জমা রাত সাড়ে ৯টায় প্রচারিত হবে।

আজ ও আগামীকাল মৈত্রী প্রচার তরঙ্গে রাত সোয়া ৯টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে।

oooooooooooooooooooooo

রাজ্য স্তরে সাধারণ তন্ত্র দিবসের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেড রোডে। এতে অংশ নেবে  তিন বাহিনী এবং কলকাতা পুলিশ।রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। জাতীয় নিরাপত্তা, স্বনির্ভরতা এবং প্রযুক্তিনির্ভর আধুনিকীকরণের অঙ্গীকারকে সামনে রেখে আয়োজিত এই কুচকাওয়াজে ভারতীয় সেনাবাহিনীর বর্তমান ও ভবিষ্যৎ যুদ্ধপ্রস্তুতির চিত্র স্পষ্ট হয়ে উঠবে বলে জানিয়েছে আয়োজক কর্তৃপক্ষ। এর প্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হচ্ছে।

এ বারের কুচকাওয়াজের অন্যতম আকর্ষণ  সদ্য গঠিত ষষ্ঠ ভৈরব ব্যাটালিয়নের অংশগ্রহণ। দ্রুত গতির প্রযুক্তিনির্ভর বাহিনী হিসেবে এই ব্যাটালিয়নকে গড়ে তোলা হয়েছে। সীমান্তে জটিল পরিস্থিতিতে দ্রুত প্রতিক্রিয়া, নজরদারি  এবং নির্ভুল আঘাত হানার সক্ষমতাই এই বাহিনীর বৈশিষ্ট্য। কুচকাওয়াজে আত্মনির্ভর প্রতিরক্ষা উৎপাদনের অগ্রগতিও তুলে ধরা হবে। দেশীয় প্রযুক্তিতে নির্মিত এবং আধুনিক অস্ত্রব্যবস্থার প্রদর্শনী থাকবে। উন্নত রকেট ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা প্রদর্শনের মাধ্যমে শত্রুপক্ষের ড্রোন বা আকাশপথে আক্রমণ প্রতিহত করার সক্ষমতাও তুলে ধরা হবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একজন ভোটার হলেন গণতন্ত্রের আত্মা। আকাশবাণীতে আজ মন-কি-বাতের ১৩০-তম পর্বে **প্রথমবারের ভোটার**দের শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, ভোটাধিকার পাওয়া যেকোন ভারতবাসীর জীবনে গুরুত্বপূর্ণ মাইলফলক। তাই, উৎসবের মেজাজেই তা পালন করা উচিত। গণতন্ত্রকে সজিব রাখার জন্য বুনিয়াদিস্তরে যারা কাজ করছেন, সেই সব ভোট কর্মীদের প্রশংসা করেন শ্রী মোদী।

(বাইট - ভোটাধিকার)

শ্রী মোদী বলেন, আগামীকাল দেশজুড়ে সাধারণতন্ত্র দিবস পালিত হবে। এই দিন সংবিধান প্রণেতাদের শ্রদ্ধা জানানোর সুযোগ করে দেয়।

তিনি, ভারতের পরিবার ব্যবস্থা এবং সামাজিক শক্তি একযোগে মিলিত হয়ে অনেক বড় চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম। নিঃস্বার্থ সমাজ সেবার উদাহরণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী আজ পশ্চিমবঙ্গে পূর্ব মেদিনীপুরের ফরিদপুর গ্রামের **বিবেকানন্দ লোক শিক্ষা নিকেতন** সংস্থাটির কথা উল্লেখ করে জানান, এই সংস্থা গুরুকুল পদ্ধতিতে শিক্ষাদানের পাশাপাশি শিশু ও প্রবীণদের দেখাশুনা করারও দায়িত্ব নিয়েছে।

( বাইট- WB গুরুকূল )

মন কি বাতে আজ প্রধানমন্ত্রী পরিবেশ সংরক্ষণের ওপর জোর দিতে গিয়ে কোচবিহারের বিনয় দাসের প্রচেষ্টার কথা উল্লেখ করেন, যিনি নিজের হাতে ১ হাজার গাছ লাগিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটদান শুধুমাত্র রাজনৈতিক মতপ্রকাশ নয়, এটি দেশের গণতান্ত্রিক নির্বাচনী ব্যবস্থার প্রতি মানুষের আস্থার প্রতিফলন। নতুন দিল্লিতে জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, আজকের ভোটাররা ভবিষ্যতের কারিগর। আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ, ২০২৫ সালে ভোটদাতাদের সচেতন করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে সেরা বেতার সম্প্রচারকের পুরস্কার পেয়েছে। আকাশবাণীর মহানির্দেশক রাজীব কুমার জৈন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন।

ভোটার তালিকা থেকে কোনো যোগ্য ভোটারের নাম বাদ যাবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল পুনরায় আশ্বস্ত করেছেন। জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে আজ কলকাতায় রাজ্য স্তরের মূল অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, চলতি বছরে এরাজ্যের বিধানসভা নির্বাচন। তিনি উৎসবের মেজাজে ভোটদানে অংশ গ্রহন করতে সকলের প্রতি আবেদন জানান।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে আজ ধর্মতলায় বিজেপি রাজ্য যুব মোর্চার পক্ষ থেকে এক সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে দলের এরাজ্যের পর্যবেক্ষক ও ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, রাজ্য যুব মোর্চার সভাপতি ইন্দ্রনীল খাঁ প্রমুখ।

এদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ফের বলেছেন, ত্রুটিমুক্ত ভোটার তালিকার জন্যই এসআইআর জরুরী।

oooooooooooooooooooooo

এবছরের পদ্ম পুরস্কার ঘোষণা করা হয়েছে। পুরস্কার প্রাপকদের মধ্যে ১৯ জন মহিলা এবং ১৬ জন মরণোত্তর এই পুরস্কার পাবেন। পাঁচজন পদ্মবিভূষণ, ১৩ জন পদ্মভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন। প্রয়াত অভিনেতা ধরমেন্দ্র মরণোত্তর পদ্মবিভূষণ পাবেন।

পদ্মভূষণ প্রাপকদের তালিকায় গায়িকা অলকা ইয়াগনিক ও অভিনেতা মামুথি রয়েছেন। রাজনীতিবিদ শিবু সোরেনকেও মরণোত্তর পদ্মভূষণ দেওয়া হচ্ছে।

পদ্মশ্রী পাচ্ছেন ১১৩ জন। এর মধ্যে এরাজ্যের রয়েছেন ১১ জন।

তাদের মধ্যে শিক্ষা ও সাহিত্য- অশোক কুমার হালদার, গম্ভীর সিং ইয়ঞ্জন,মহেন্দ্রনাথ রায়, রবিলাল টুডু।

শিল্পকলায় হরিমাধব মুখোপাধ্যায় মরণোত্তর, জ্যোতিশ দেবনাথ, কুমার বোস, প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, তরুণ ভট্টাচার্য, তৃপ্তি মুখোপাধ্যায় এবং চিকিৎসায় সরোজ মন্ডল তাদের অবদানের জন্য পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন।

কালিম্পং-এর বাসিন্দা গম্ভীর সিং ইয়ঞ্জন, আকাশবাণীকে জানিয়েছেন –পাহাড়ের প্রায় ১০ হাজার মানুষকে পরিবেশ সম্পর্কে সচেতন করতে বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচীতে তিনি নেতৃত্ব দিয়েছেন।

(বাইট – গম্ভীর সিং)

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট সাংবাদিক মার্ক টুলি প্রয়াত। বয়স হয়েছিল ৯০ বছর। ১৯৬৪ সাল থেকে তিরিশ বছর তিনি BBC র India ব্যুরোর প্রধান হিসাবে কাজ করেছেন। ২০০৫ সালে তাঁকে পদ্মশ্রী সম্মান প্রদান করা হয়।

মার্ক টুলির প্রয়াণে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গভীর শোক প্রকাশ করেছেন। এক সমাজ মাধ্যমে তিনি তার পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০